দামুড়হুদায় শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদায় আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর সাড়ে ৩ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে দুর্গাপূজা উদযাপনের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত শেখ মাহাবুব, দর্শনা থানার ওসি অপারেশন শফিউল আলম, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা রাফেজা বেগম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলার ফায়ার সার্ভিসের কমান্ডার, বিজিবির ক্যাম্প কমান্ডার বৃন্দ, উপজেলার ২২ টি পূজা মণ্ডপের সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

আসন্ন শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় বক্তারা বলেন, প্রতিটা পূজা মন্ডপে যেন সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়। আগত দর্শনার্থী মেয়েদের যেন কোনোভাবেই কেউ ইভটিজিং না করে সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে।

উপজেলায় এবার ২২ টি পূজা মন্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। আলোকসজ্জার ক্ষেত্রে অবশ্যই উন্নত মানের তার ব্যবহার করতে হবে। কোনভাবে যেন শর্ট সার্কিট না হয়। প্রতিটি পূজা মন্ডপে অগ্নি নিরপনের ব্যবস্থা রাখতে হবে। পূজা চলাকালীন অবস্থায় কোনো নেশা বা অতিরিক্ত মদ্যপান করা যাবে না। সবাই মনে রাখবেন, ধর্ম যার যার উৎসব সবার।